# কুধারণা ও প্রতিকার

মূল

সিল্‌সিলায়ে চিশ্‌তিয়া কাদেরিয়া নক্‌শবন্দিয়া সোহারওয়ার্দিয়ার বিশ্ববিখ্যাত বুযুর্গ

রূমীয়ে-যমানা কুত্‌বে-আলম আরেফ্‌বিল্লাহ

**হযরত মাওলানা শাহ্ হাকীম মুহাম্মদ আখতার ছাহেব রহ.**

তরজমা

**মাওলানা আবদুল মতীন বিন হুসাইন**

খলীফায়ে আরেফ্‌বিল্লাহ্ হযরত মাওলানা শাহ্ হাকীম মুহাম্মদ আখতার ছাহেব (রহ.)

পরিচালক : খানকাহ্ চিশতিয়া এমদাদিয়া আশরাফিয়া ইয়াদগার খানকাহ্-এ হাকীমুল উম্মত

৪৪/৬ ঢালকানগর, গেণ্ডারিয়া, ঢাকা-১২০৪

প্রতিষ্ঠাতা প্রিন্সিপ্যাল

জামেআ হাকীমুল উম্মত গুলশান-এ শাহ্ আখতার কমপ্লেক্স

হযরত থানবী নগর, দক্ষিণ কেরানীগঞ্জ, ঢাকা

**হাকীমুল উম্মত প্রকাশনী**

ইসলামী টাওয়ার, ১১ বাংলাবাজার, ঢাকা-১১০০

মোবাইল : ০১৯১৪-৭৩৫৬১৫ ফোন : ৯৫৭৫৪২৮

# সূচীপত্র


সমকালীন বুযুর্গানের যবানে কিতাব ও গ্রন্থকারের পরিচয় ........................ ৭
কুধারণা ও প্রতিকার ........................................................................ ১৩
কুধারণার পক্ষে নিরাব্বইটি প্রমাণ সত্ত্বেও .................................................. ১৩
কুধারণাকারী মহা বিচারপতির আদলতের আসামী ....................................... ১৪
বুযুর্গদের প্রতি কুধারণার কারণ : দুইটি বস্তুর অভাব ................................... ১৪
কুধারণার বিষফলে মোজাদ্দেদের ফয়েয হইতে বঞ্চিত ................................ ১৫
নির্বোধ লোকজন কর্তৃক হাজী এমদাদুল্লাহ মুহাজিরে-মক্কীর প্রতি অভিযোগ .. ১৬
হযরত হাজী ছাহেব রহ.-এর প্রতি হযরত মাওলানা
কাসেম নানূতবী রহ.-এর ভক্তি ..................................................................... ১৬
বেয়াদবদের সংসর্গ ও বই-পুস্তক হইতে দূরে থাকা জরুরী ............................. ১৭
শায়েখ মুহীউদ্দীন ইবনুল-আরাবী রহ.-এর সহিব শয়তানের সওয়াল-জওয়াব.... ১৭
শয়তানের প্ররোচনা হইতে রক্ষার পন্থা কুকুর দমনের অনুরূপ ........................ ১৮
হযরত মুহীউদ্দীন ইবনুল-আরাবীর প্রতি হযরত থানবীর আদব ও ভক্তি....... ১৯
হাকীমুল উম্মত হযরত থানবী কর্তৃক শয়তানের সেই প্রশ্নের উত্তর ............ ২০
দুর্ঘটনার শিকার হইয়া কালেমা ছাড়া মৃত্যু বরণ করিলেও কি সে মুসলমান ... ২১
অন্তরে কুফরী অছ্অছা আসিলেও কি সে মুসলমান ......................................... ২২
অছ্অছাকে আল্লাহর মা'রেফাতে পরিণত করার পদ্ধতি .................................. ২৩
শয়তান শুধু প্ররোচনা দিতে পারে কিন্তু পাপে লিপ্ত করার ক্ষমতা তাহার নাই ..... ২৪
পাপের হাজার অছ্অছা, হাজার আগ্রহ সত্ত্বেও পাপ না করিলে তাক্ওয়া অটুট.... ২৫
অছ্অছার প্রতি কোনরূপ ভ্রুক্ষেপ না করাই উহার প্রতিকার ........................... ২৭
ওলীগণের উপর ইছমে-হাদীর তাজাল্লী হয়, আর
শয়তান হইল ইছমে-মুযিল্লের প্রকাশস্থল ..................................................... ২৭
বুযুর্গদের সংস্রবহীন লোককে 'অনুসরণীয়' বানাইলে
তোমার দ্বীন-ঈমানের সর্বনাশ ঘটিয়া যাইবে ............................................... ২৮
কোন্ বই-কিতাব পড়িবে এবং কোন্টি পড়িবে না ......................................... ২৮
কাহাকে অনুসরণ করিবে না এবং কাহার জ্ঞান-বিদ্যা অনুসরণযোগ্য .......... ২৯

ওস্তাদ-শাগরেদের সূত্রটি দ্বীনের এক বুনিয়াদী বিষয় ............................ ৩০
স্বঘোষিত ইসলামী চিন্তাবিদদিগকে অনুসরণের ধ্বংসাত্মক পরিণতি .......... ৩০
প্রিয় নবীর সাক্ষাত-শিষ্য সাহাবীগণকে বাদ দিয়া দ্বীন বুঝা কি সম্ভব? ......... ৩১
খাঁটি পীর ও অখাঁটি পীর ............................ ৩২
জায়েয-নাজায়েযের ফিকির রাখা মোমেনের কর্তব্য ............................ ৩২
রহমতের ট্রাক ও আযাবের ট্রাক ............................ ৩৩
কুধারণা দ্বীনের প্রকৃত খাদেম ও দ্বীনী কেন্দ্র সমূহ হইতে বঞ্চিত করিয়া দেয় ......... ৩৩
এলাহাবাদের এক বুযুর্গের প্রতি পেস্তা ভক্ষণের অভিযোগ ............................ ৩৪
বর্তমান কালের মোজাহাদা (সাধনা) ও প্রাচীন
কালের মোজাহাদার যুক্তিগ্রাহ্য পার্থক্য ............................ ৩৫
কুস্তিগীর হযরত জুনাইদ বাগদাদীর পরাজয়ের বিবরণ ............................ ৩৬
বুযুর্গদের প্রতি কুধারণা সম্পর্কে মাওলানা রূমীর দৃষ্টান্ত ............................ ৩৮
চাঁদে পায়খানার গন্ধ আবিষ্কার ............................ ৩৮
খোদার জ্বালানো চেরাগ নিভানো যায় না ............................ ৩৯
আফ্রিকার জঙ্গলে এক ধিকৃত আয়নার ঘটনা ............................ ৪০
বুযুর্গদের প্রতি যার যত ভাল ধারণা, তার প্রতি তত বেশী রহমত ............................ ৪০
ইঁদুর হইল উটের পীর সাহেব : (আমাদের মত ছোটদের ও স্বঘোষিত ইসলামী
পণ্ডিতদের বুযুর্গানেদ্বীনের মুরুব্বী সাজার দৃষ্টান্ত) ............................ ৪১
ধূলা ও পাহাড়ের সংলাপ ............................ ৪২
মিল-মোনাছাবাত না হইলে চলিয়া যাও, কিন্তু গোস্তাখী করিও না ............................ ৪২
আদব আল্লাহর মহব্বত ও আল্লাহর পথের বুনিয়াদ ............................ ৪৩
খাঁটি পীরের শাসন মুরীদের জন্য মহৌষধ ............................ ৪৩
কামেল পীরের অনুসরণ ও পীরের সম্মুখে বিলীনতা দো-জাহানের মঙ্গল ......... ৪৫
বুযুর্গানেদ্বীনের বিরুদ্ধে অভিযোগ-অনুযোগ মূর্খতা ও আহাম্মকী ............................ ৪৫
আহাম্মকী খোদায়ী গযব : (হযরত ঈসা আ.-এর ঘটনা) ............................ ৪৬
অহংকার বেকুবদের ব্যাধি ............................ ৪৬
যিনি আমাদিগকে দ্বীনের একটি অক্ষরও শিক্ষা দিলেন, আমরা তাঁহার গোলাম ......... ৪৭
আদব-তমীযের দোআ ............................ ৪৮

## নির্বোধ লোকজন কর্তৃক হাজী এমদাদুল্লাহ মুহাজিরে-মক্কীর প্রতি অভিযোগ

এক ব্যক্তি হযরত হাজী এমদাদুল্লাহ্ ছাহেব মুহাজেরে-মক্কী রহ.-কে বলিল, হাজী ছাহেব, আপনি তো কোন বড় আলেম নন, অথচ এত বড় বড় আলেম, যেমন মাওলানা রশীদ আহ্মদ গঙ্গুহীর মত আলেম, মাওলানা কাসেম নানূতবীর মত আলেম, হাকীমুল উম্মত মাওলানা আশরাফ আলী থানবীর মত আলেম, এত বড় বড় আলেদের কি হইল যে, ইহারা আপনার হাতে মুরীদ হইয়া গিয়াছে? কিভাবে ইহারা আপনার হাতে বায়আত হইল, সেই কথা ভাবিয়া আমার খুবই মনোকষ্ট হয় এবং খুবই আশ্চর্য বোধ হয়।

এখন হযরত হাজী ছাহেবের জওয়াব শুনুন। তিনি বলিলেন, (ভাই,) আপনি যতটা আশ্চর্য বোধ করিতেছেন, তার চাইতে অনেক বেশী আশ্চর্য বোধ করিতেছি খোদ আমি যে, সত্যি এই সকল আলেম এবং আলেমও এত বড় বড় আলেম যে, এক-একজন এলেমের জাহাজ, বুঝি না কেন ইহারা আমার হাতে বায়আত হইয়া গেলেন?

## হযরত হাজী ছাহেব রহ.-এর প্রতি হযরত মাওলানা কাসেম নানূতবী রহ.-এর ভক্তি

বস্তুতঃ ইহা ছিল হযরত হাজী ছাহেব রহ. এর চরম বিনয়। কিন্তু এই কুধারণাকারী ও অভিযোগকারী লোকটি কোন চরম হতভাগ্য লোক ছিল বটে। ইহার বিপরীতে উল্লেখিত বুযুর্গদের মধ্যে হযরত হাজী ছাহেব রহ. এর প্রতি কি সীমাহীন আদব ও ভক্তি শ্রদ্ধা ছিল। একবার হযরত হাজী ছাহেব রহ. একটি কিতাব লিখিলেন এবং হযরত মাওলানা কাসেম নানূতবীকে দিলেন, ভুল-চুক্ সংশোধন করিয়া দেওয়ার জন্য। ঐ পাণ্ডুলিপির মধ্যে একটিমাত্র স্থানে একটা শাব্দিক ভুল ছিল। হযরত নানূতবী সেখানে এই কথা লেখেন নাই যে, হযরত, এখানে আপনার একটি ভুল হইয়া গিয়াছে। বরং তিনি ঐ শব্দটির চারিদিকে বৃত্ত আঁকিয়া উহার পাশে এতটুকু লিখিয়াছেন যে, হযরত, এই শব্দটি আমার বুঝে আসিতেছে না। ছুবহানাল্লাহ্, কী আদব ছিল তাঁহাদের মধ্যে যে, 'ত্রুটি' কথাটিকে শায়খের নামের সাথে যুক্ত করতে পারেন নাই; বরং সেই ত্রুটিকে নিজের প্রতি যোগ করিয়াছেন। (ইহা বলেন নাই যে, আপনার

ত্রুটি হইয়াছে বরং নিজের বুঝের ত্রুটি ব্যক্ত করিয়াছেন।) (সত্যি, বড়দের পতি আদব-এহতেরাম অনেক বেশী দামী ও জরুরী জিনিস।) তাইতো মাওলানা রূমী রহ. বলেন—

اے خدا جوئیم توفیق ادب

بے ادب محروم ماند از فضل رب

**অর্থ :** হে আল্লাহ, আপনার নিকট আমরা আদবের তওফীক প্রার্থনা করি। কারণ, বেয়াদব লোক আল্লাহর রহ্মত হইতে বঞ্চিত হইয়া যায়।

## বেয়াদবদের সংসর্গ ও বই-পুস্তক হইতে দূরে থাকা জরুরী

অতএব, বেয়াদবদের সংসর্গ হইতেও দূরে থাকা চাই। কোন লোক চাই সে যত বুদ্ধিমানই হউক না কেন, কিছুদিন যদি সে কোন বেয়াদবের সাথে উঠা-বসা করে, তবে বেয়াদবীর বিষাক্ত ব্যাধি তাহার মধ্যেও পয়দা হইয়া যাইবে। অতএব, যে সম্প্রদায় বা যেই শ্রেণী আমাদের পূর্বসূরী বুযুর্গানেদ্বীনের প্রতি অভিযোগ বা দোষারোপ করিয়াছে, এহেন লোকদের বই-পুস্তক হইতে, তাহাদের সাহচর্য হইতে দূরে থাকা জরুরী। অন্যথা, বেয়াদবীর ঐ বিষাক্ত ব্যাধি তাহার মধ্যেও প্রবেশ করিবে। অথচ, দ্বীনের এই রাস্তা, আল্লাহর মহব্বতের এই রাস্তা বুযুর্গানেদ্বীনের প্রতি আস্থা ও ভক্তি-শ্রদ্ধার উপর ভিত্তি করিয়া চলিয়া আসিতেছে এবং চলিতে থাকিবে।

## শায়েখ মুহীউদ্দীন ইবনুল-আরাবী রহ.-এর সহিব শয়তানের সওয়াল-জওয়াব

শায়েখ মুহীউদ্দীন ইবনুল-আরাবী রহ. শ্রেষ্ঠ আওলিয়া ও বহু উচ্চ স্তরের আলেমদের একজন। একবার শয়তান তাহাকে বলিল, মাওলানা সাহেব, আমার কি ক্ষমা হইবে না? তিনি বলিলেন, তোমার ক্ষমা হইবে কিভাবে? তুমি তো জাহান্নামী এবং চির মরদূদ। শয়তান বলিল, আচ্ছা আমি যদি কোরআন শরীফের দ্বারা প্রমাণ করিয়া দিতে পারি যে, আমারও ক্ষমা হইয়া যাইবে, তাহা হইলে? তিনি বলিলেন আচ্ছা পড় দেখি কোন্ আয়াত দ্বারা তোর ক্ষমাপ্রাপ্তি প্রমাণ হইতেছে? শয়তান বলিল, আল্লাহপাক সূরায়ে আ'রাফের মধ্যে বলিয়াছেন—